Live™ MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

Live MCQ™

# NTRCA
# প্রিলিমিনারি জব সল্যুশন
## (বিষয়ভিত্তিক)

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি ধাপের প্রশ্নসমূহের টপিকভিত্তিক ব্যাখ্যাসহ সমাধান




QR কোড স্ক্যানে **Live MCQ** অ্যাপে **১১,০০০+**
টপিকভিত্তিক প্রশ্ন অনুশীলনের সুযোগ

Live Publications™

বইটির যেকোনো মুদ্রণ প্রমাদ বা সংশোধনী সম্পর্কে জানাতে ভিজিট করুন-
*https://livepublications.com.bd/submit-error-report/*

বইটির মুদ্রণ প্রমাদগুলোর সংশোধনী পেতে ভিজিট করুন-
*https://livepublications.com.bd/corrections/ntrca-preliminary-job-solution/*

এই বইয়ের প্রতিটি টপিকের শেষে একটি ইউনিক QR কোড রয়েছে, যেটি স্ক্যান করে আপনি Live MCQ অ্যাপে সংশ্লিষ্ট অধ্যায়ের প্রশ্ন অনুশীলন করতে পারবেন। সম্পূর্ণ বিনামূল্যে MCQ প্র্যাকটিস করতে-

- আপনার স্মার্টফোন দিয়ে সংশ্লিষ্ট অধ্যায়ের QR কোডটি স্ক্যান করুন।
- QR কোড স্ক্যান করে 'Take Quiz' ও 'View All Questions' অপশন ব্যবহার করে অধ্যায়ভিত্তিক MCQ প্রস্তুতি গ্রহণ করুন।

## QR কোড স্ক্যান করার নিয়মাবলি:

- QR কোড স্ক্যান করতে আপনার স্মার্টফোনের ডিফল্ট স্ক্যানার ফাংশন ব্যবহার করুন।
- আপনার স্মার্টফোনের ক্যামেরায় QR কোড স্ক্যানিং-এর কোনো অপশন না থাকলে Live MCQ অ্যাপের 'Study Section' এ অবস্থিত 'Book Store'-এর 'Scan QR Code' অপশনটি ব্যবহার করুন।
- স্ক্যানিং করতে কোন সমস্যা হলে 'Enter Code' অপশনে QR কোড সংশ্লিষ্ট কোডটি টাইপ করুন।

অথবা


- আপনার স্মার্ট ফোনে যে কোনো QR কোড স্ক্যানার অ্যাপ ডাউনলোড করে নিন।

আপনার স্মার্টফোনে Live MCQ অ্যাপটি ইন্সটল করা না থাকলে Play store বা App Store থেকে ইন্সটল করে লগ ইন করে নিন। অ্যাপ ইন্সটল করতে স্ক্যান করুন-

অথবা ভিজিট করুন- *https://go.livemcq.com/install*

**Live Publications™ থেকে প্রকাশিত বইসমূহ:**












Live Publications™ থেকে প্রকাশিতব্য বইসমুহের নিয়মিত আপডেট পেতে ভিজিট করুন-
*https://www.facebook.com/livepublications*

বিসিএসসহ অন্যান্য নিয়োগ পরীক্ষার প্রশ্ন পেতে স্ক্যান করুন-

অথবা ভিজিট করুন- *https://livepublications.com.bd/job-solution/*

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| **বাংলা ভাষা ও সাহিত্য** | **০১-১৩৮** |
| **বাংলা ভাষা** | **০১-১২৮** |
| ভাষা ও বাংলা ভাষারীতি | ০১-১২ |
| ধ্বনি ও বর্ণ-প্রকরণ | ১২-১৪ |
| ধ্বনির উচ্চারণ ও ধ্বনি পরিবর্তন | ১৫-১৭ |
| ণ-ত্ব ও ষ-ত্ব বিধান | ১৭-১৯ |
| সন্ধি | ১৯-২৫ |
| **শব্দ প্রকরণ** | **২৫-৫৭** |
| শব্দের শ্রেণিবিভাগ ও শব্দের উৎসমূল | ২৫-৩২ |
| ধাতু ও প্রত্যয় | ৩২-৩৭ |
| লিঙ্গ/পুরুষবাচক, দ্বিরুক্ত বাচক শব্দ/শব্দ দ্বিত্ব, পদাশ্রিত নির্দেশক ও বচন | ৩৮-৪২ |
| সমাস | ৪২-৫৬ |
| উপসর্গ | ৫৬-৫৭ |
| **পদ প্রকরণ** | **৫৭-৫৮** |
| পদ ও এর শ্রেণিবিভাগ, বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও অব্যয় পদ, ক্রিয়া পদ | ৫৭-৫৮ |
| **বাক্য প্রকরণ** | **৫৯-১২৮** |
| বাক্য (সংজ্ঞা, গুণ, ইত্যাদি সম্পর্কিত), বাক্যের প্রকারভেদ | ৫৯-৬০ |
| কারক ও বিভক্তি | ৬১-৬৯ |
| যতিচিহ্ন ও যতিচিহ্নের ব্যবহার | ৬৯-৭৭ |
| বাগধারা ও প্রবাদ প্রবচন | ৭৮-৮৮ |
| সমার্থক শব্দ/প্রতিশব্দ | ৮৯-৯৬ |
| বিপরীতার্থক শব্দ, শব্দজোড় ও প্রায় সমোচ্চারিত শব্দ | ৯৭-১০০ |
| এক কথায় প্রকাশ/বাক্য সংক্ষেপ | ১০০-১০৫ |
| অনুবাদ, পরিভাষা ও পারিভাষিক শব্দ | ১০৫-১১২ |
| বানান ও বাক্যশুদ্ধি, প্রয়োগ ও অপপ্রয়োগ | ১১৩-১২১ |
| বাংলা ভাষা সম্পর্কিত বিবিধ বিষয় | ১২২-১২৮ |

| বাংলা সাহিত্য | ১২৯-১৩৮ |
|---|---|
| বাংলা সাহিত্যের প্রাচীন যুগ | ১২৯-১২৯ |
| বাংলা সাহিত্যের মধ্যযুগ | ১৩০-১৩১ |
| বাংলা সাহিত্যের আধুনিক যুগ | ১৩১-১৩৮ |
| ইংরেজি ভাষা ও সাহিত্য | ১৩৯-২৮৪ |
| ইংরেজি ভাষা | ১৩৯-২৮৪ |
| **Noun, Pronoun, Number & Gender** | ১৩৯-১৪৩ |
| Noun & Pronoun | ১৩৯-১৪২ |
| Number & Gender | ১৪২-১৪৩ |
| **Verb** | ১৪৩-১৬৯ |
| Classification of Verb, Gerund, Participle and Infinitive | ১৪৩-১৪৬ |
| Right form of Verbs | ১৪৬-১৬২ |
| Subject-Verb Agreement | ১৬৩-১৬৭ |
| Adjective & Adverb | ১৬৭-১৬৯ |
| **Preposition & Conjunction** | ১৭০-১৯১ |
| Approprtiate Preposition | ১৭০-১৭৭ |
| Conjunction | ১৭৭-১৭৮ |
| Article & Determiners | ১৭৮-১৮১ |
| Same Word used & Different Parts of Speech | ১৮২-১৮৩ |
| Interchange of Parts of Speech | ১৮৩-১৯১ |
| **Sentence** | ১৯২-২০৮ |
| Types of Sentence | ১৯২-২০৭ |
| Tag question | ২০৭-২০৮ |
| **Sentence Transformation & Translation** | ২০৯-২৩৯ |
| Voice | ২০৯-২১৫ |
| Degree | ২১৬-২১৯ |
| Narration | ২২০-২২১ |
| Translation | ২২২-২৩৯ |
| **Sentence Correction & Fill in the blanks** | ২৩৯-২৫০ |
| Sentence Correction | ২৩৯-২৪২ |
| Fill in the blanks | ২৪২-২৪৬ |
| Conditionals | ২৪৬-২৫০ |

| | |
|---|---|
| **Vocabulary** | ২৫০-২৮১ |
| Word Meaning & Spelling | ২৫০-২৫৫ |
| Synonym & Antonym | ২৫৬-২৬৬ |
| Idioms & Phrases | ২৬৭-২৭৭ |
| Proverbs | ২৭৮-২৮১ |
| **Composition** | ২৮২-২৮৪ |
| Letters, Application , Paragraph Related & Others | ২৮২-২৮৪ |
| **ইংরেজি সাহিত্য** | ২৮৪-২৮৪ |
| **গণিত** | **২৮৫-৪১৪** |
| **পাটিগণিত** | ২৮৫-৩১৫ |
| বাস্তব সংখ্যা, ভগ্নাংশ | ২৮৫-২৮৯ |
| শতকরা, লাভ-ক্ষতি | ২৯০-৩০০ |
| সরল ও যৌগিক মুনাফা | ৩০০-৩০৬ |
| ঐকিক নিয়ম, কাজ, নল ও চৌবাচ্চা সংক্রান্ত সমস্যা | ৩০৭-৩১০ |
| গড়, বয়স ও পরিমাপ সংক্রান্ত সমস্যা | ৩১০-৩১৪ |
| নৌকা, ট্রেন, সময় ও গতি বেগ সংক্রান্ত সমস্যা | ৩১৪-৩১৫ |
| **বীজগণিত** | ৩১৬-৩৬৮ |
| বীজগাণিতিক সূত্রাবলি ও এর প্রয়োগ | ৩১৬-৩২৬ |
| বহুপদী উৎপাদক ও এর বিশ্লেষণ | ৩২৭-৩৩০ |
| সরল ও দ্বিপদী সমীকরণ এবং সরল সহসমীকরণ, সরল ও দ্বিপদী অসমতা | ৩৩০-৩৩৮ |
| ল.সা.গু ও গ.সা.গু | ৩৩৯-৩৪৬ |
| সূচক ও লগারিদম | ৩৪৬-৩৫৯ |
| ধারা | ৩৫৯-৩৬১ |
| সেট, ফাংশন ও ভেনচিত্র | ৩৬২-৩৬৩ |
| অংশীদারী হিসাব, অনুপাত ও সমানুপাত | ৩৬৪-৩৬৮ |
| **জ্যামিতি** | ৩৬৮-৪১৪ |
| রেখা, কোণ ও বৃত্ত সম্পর্কিত সমস্যা ও সমাধান | ৩৬৮-৩৮১ |
| ত্রিভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৩৮২-৩৯০ |
| চতুর্ভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৩৯০-৩৯৮ |
| পিথাগোরাসের উপপাদ্য এবং অন্যান্য বহুভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৩৯৯-৪০০ |
| ত্রিকোণমিতি | ৪০০-৪০৯ |
| পরিমিতি | ৪১০-৪১৪ |

| | |
|---|---|
| **সাধারণ জ্ঞান** | **৪১৫-৫৬৬** |
| **বাংলাদেশ বিষয়াবলি** | **৪১৫-৪৮৬** |
| প্রাচীনযুগ | ৪১৫-৪১৯ |
| মধ্যযুগ ও ইউরোপীয়দের আগমন | ৪২০-৪২৩ |
| ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ | ৪২৪-৪৩৫ |
| বাংলাদেশের ভূ-প্রকৃতি, জলবায়ু ও অন্যান্য | ৪৩৬-৪৪৩ |
| বাংলাদেশের কৃষিজ সম্পদ | ৪৪৩-৪৪৭ |
| বাংলাদেশের জনসংখ্যা, আদমশুমারি, জাতি, গোষ্ঠী ও উপজাতি সংক্রান্ত বিষয়াদি | ৪৪৭-৪৫৩ |
| বাংলাদেশের অর্থনীতি | ৪৫৩-৪৫৫ |
| বাংলাদেশের শিল্প ও বাণিজ্য | ৪৫৬-৪৬৩ |
| বাংলাদেশের সংবিধান | ৪৬৩-৪৬৫ |
| বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা ও সরকার ব্যবস্থা | ৪৬৬-৪৬৯ |
| বাংলাদেশের জাতীয় অর্জন, বিশিষ্ট ব্যক্তিত্ব, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ, জাতীয় পুরস্কার, বাংলাদেশের খেলাধুলাসহ চলচ্চিত্র, গণমাধ্যম-সংশ্লিষ্ট বিষয়াদি | ৪৭০-৪৮৫ |
| প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা | ৪৮৬-৪৮৬ |
| **আন্তর্জাতিক বিষয়াবলি** | **৪৮৭-৫৩২** |
| বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি | ৪৮৭-৪৯৭ |
| আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক | ৪৯৮-৫০০ |
| আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি | ৫০০-৫০২ |
| আন্তর্জাতিক সংগঠন এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান | ৫০৩-৫১৪ |
| বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনা প্রবাহ | ৫১৫-৫২১ |
| অন্যান্য | ৫২২-৫৩২ |
| **সাধারণ বিজ্ঞান** | **৫৩৩-৫৫৯** |
| পদার্থ বিজ্ঞান | ৫৩৩-৫৩৭ |
| রসায়ন বিজ্ঞান | ৫৩৮-৫৪১ |
| জীববিজ্ঞান | ৫৪১-৫৪৯ |
| সাধারণ রোগ ও ব্যাধি | ৫৪৯-৫৫৫ |
| পরিবেশ বিজ্ঞান | ৫৫৬-৫৫৯ |
| **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি** | **৫৬০-৫৬৬** |
| **১ম-৫ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা** | **৫৬৭-৬৩৬** |
| স্কুল পর্যায় | ৫৬৭-৫৯৮ |
| কলেজ পর্যায় | ৫৯৯-৬৩৬ |

NTRCA Job Solution

# বাংলা

## বাংলা ভাষা

### ভাষা ও বাংলা ভাষারীতি

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ০ | ১ | ১ | ১৩তম | ৩ | ১ | ১ | ৮ম | ৩ | ২ | ০ |
| ১৭তম | ৩ | ১ | ২ | ১২তম | ৩ | ২ | ১ | ৭ম | ৩ | ১ | ০ |
| ১৬তম | ০ | ০ | ১ | ১১তম | ২ | ২ | ২ | ৬ষ্ঠ | ২ | ৩ | ০ |
| ১৫তম | ৩ | ১ | ১ | ১০ম | ৩ | ১ | ০ | বিশেষ | ০ | ৩ | ০ |
| ১৪তম | ২ | ২ | ১ | ৯ম | ৭ | ২ | ০ | মোট | ৩৪ | ২২ | ১০ |

#### কলেজ পর্যায়

১. **বাংলা ভাষার মূল উৎস কী?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ হিন্দি ভাষা ⓛ বৈদিক ভাষা
ⓜ উড়িয়া ⓝ অনার্য ভাষা **উ. খ**

**ব্যাখ্যা :** অসমিয়াকে বাদ দিলে ইন্দো-ইয়োরোপীয় ভাষাবংশের পূর্বদিকের সবচেয়ে প্রান্তিক ভাষা বাংলা। নব্য ভারতীয় আর্যগোষ্ঠীর এই ভাষা ঐতিহাসিক সূত্রে আইরিশ, ইংরেজি, ফরাসি, গ্রিক, রুশ, ফারসি ইত্যাদি ভাষার দূরবর্তী জ্ঞাতিভগ্নী। বর্তমান বাংলাদেশে বাংলা প্রায় একমাত্র এবং ভারতীয় রাজ্য ত্রিপুরা ও পশ্চিমবঙ্গে ব্যবহৃত প্রধান ভাষা। এর পশ্চিমে ওড়িয়া, মাগধী, মৈথিলি এবং পূর্বে অসমিয়া ভাষার সীমান্ত।

এছাড়া সাঁওতালি, মুন্ডারি, খাসি ইত্যাদি অস্ট্রিক গোত্রের ভাষা এবং কাছারি, বোড়ো, গারো, ত্রিপুরী ইত্যাদি ভোট-বর্মী গোত্রের ভাষাও বাংলাকে ঘিরে রেখেছে, কখনও বা তার অঞ্চলে প্রবিষ্টও হচ্ছে।

ইতিহাস মাগধী প্রাকৃতের (খ্রি. পূ ৬০০- খ্রি. ৬০০) পরবর্তী স্তর মাগধী অপভ্রংশ এবং তৎপরবর্তী স্তর অবহট্ঠের মধ্য দিয়ে ৯০০-১০০০ খ্রিষ্টাব্দ নাগাদ স্বাধীন নব্যভারতীয় আর্যভাষারূপে বাংলার উদ্ভব হয়। আর্যদের মুখের ভাষা ছিল বৈদিক ভাষা একে আর্য ভাষাও বলা হয়।
অতএব অপশন অনুসারে সঠিক উত্তর হচ্ছে– বৈদিক ভাষা।

২. **সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২, ১৫তম শি.নি. (কলেজ): ২০১৮, ৭ম শি.নি. (কলেজ): ২০১১]*

ⓚ অব্যয় ⓛ সম্বোধন পদ ⓜ সর্বনাম ⓝ ক্রিয়া **উ. ক**

**ব্যাখ্যা :** ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয় না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়। যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে।

**অব্যয় পদের বৈশিষ্ট্য:**

- অব্যয় শব্দের সাথে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না।
- অব্যয় শব্দের একবচন বা বহুবচন হয় না।
- অব্যয় শব্দের স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।

*উৎস: বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি; ২০১৯ সংস্করণ)।*

উল্লেখ্য, মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ) অনুসারে, অব্যয়-কে শব্দের শ্রেণিবিভাগ থেকে বাদ দেওয়া হয়েছে।

৩. **ভাষার কোন রীতি তৎসম শব্দবহুল?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ সাধুরীতি ⓛ চলিতরীতি ⓜ কথ্যরীতি ⓝ লেখ্যরীতি **উ. ক**

**ব্যাখ্যা :** সাধু রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।

**বাংলা ভাষার সাধু রীতির কিছু বৈশিষ্ট্য:**

● বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।

● এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।

● সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী।

● এ রীতিতে সর্বনাম ও ক্রিয়া পদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে।

*উৎস: বাংলা ভাষার ব্যাকরণ (নবম-দশম শ্রেণি; ২০১৯ সংস্করণ)।*

**৪. প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ–** *[১৫তম শি.নি. (কলেজ): ২০১৮]*

ক মূর্খদের ভাষা খ পণ্ডিতদের ভাষা
গ জনগণের ভাষা ঘ লেখকদের ভাষা **উ. গ**

**ব্যাখ্যা :** প্রাকৃত মধ্যভারতীয় আর্যভাষা। প্রাচীন ভারতীয় আর্যভাষা বৈদিক বা সংস্কৃত থেকে এর উৎপত্তি বলে মনে করা হয়। সংস্কৃত ভাষার যে রূপটি ছিল সাধারণ মানুষের মুখের ভাষা, তা এক সময় শিথিল ও সরল হয়ে ভারতের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন আঞ্চলিক রূপ ধারণ করে। কালক্রমে এগুলোকেই বলা হয় প্রাকৃত ভাষা।

প্রাকৃত ভাষার নামকরণ প্রসঙ্গে কেউ কেউ বলেন যে, এর প্রকৃতি বা মূল হচ্ছে 'সংস্কৃত', তাই প্রকৃতি থেকে উদ্ভূত বলে এর নাম হয়েছে প্রাকৃত।

আবার কেউ কেউ বলেন, 'প্রকৃতি' অর্থ সাধারণ জনগণ এবং তাদের ব্যবহৃত ভাষাই প্রাকৃত ভাষা, অর্থাৎ প্রাকৃত জনের ভাষা প্রাকৃত ভাষা।

*উৎস: বাংলাপিডিয়া।*

**৫. গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন–** *[১৫তম শি.নি. (কলেজ): ২০১৮]*

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রামরাম বসু
গ রামনারায়ণ তর্করত্ন ঘ রাজা রামমোহন রায় **উ. ঘ**

**ব্যাখ্যা :** গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩ খ্রিষ্টাব্দে) রচনা করেছেন রাজা রামমোহন রায়। এটি তাঁর সর্বশেষ গ্রন্থ এবং বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ। এর আগে তিনি ইংরেজিতে Bengali Grammar in the English Language নামের একটি ব্যাকরণ গ্রন্থ রচনা করেন।

গৌড়ীয় ব্যাকরণ রচিত হয় তৎকালীন স্কুল-বুক সোসাইটির অভিপ্রায়ে এবং ছাত্রদের পাঠোপযোগী করে। সর্বমোট বারোটি অধ্যায়ে এটি বিন্যস্ত। প্রথম অধ্যায়ে ধ্বনি, বর্ণ, উচ্চারণ, শব্দ, অক্ষর প্রভৃতি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করা হয়েছে। পরবর্তী অধ্যায়গুলোতে ব্যাখ্যা করা হয়েছে বাংলা ভাষার লিঙ্গ, প্রত্যয়, পদান্বয়, বাক্যরীতি, ছন্দ ইত্যাদি।

মোটামুটিভাবে গৌড়ীয় ব্যাকরণে রয়েছে বাংলা ভাষার ধ্বনি ও রূপগত বৈশিষ্ট্যের বৈয়াকরণিক বিশ্লেষণ।

*উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (নবম-দশম শ্রেণি) এবং বাংলাপিডিয়া।*

**৬. 'ক্রিয়ার কাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** *[১৪তম শি.নি. (কলেজ): ২০১৭]*

ক ধ্বনিতত্ত্বে খ রূপতত্ত্বে গ বাক্যতত্ত্বে ঘ অর্থতত্ত্বে **উ. খ**

**ব্যাখ্যা :** ব্যাকরণের আলোচ্য বিষয় অন্তত চারটি ভাগে বিভক্ত হয়। যথা: ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।

| | |
|---|---|
| **ধ্বনিতত্ত্ব** | ধ্বনি, বর্ণ, ধ্বনির উচ্চারণ প্রণালি, স্বর ও ব্যঞ্জনধ্বনির বৈশিষ্ট্য, উচ্চারণের স্থান, ধ্বনি পরিবর্তন ও লোপ, ষ-ত্ব ও ণ-ত্ব বিধান, সন্ধি ইত্যাদি। |
| **রূপতত্ত্ব** | শব্দগঠন, প্রত্যয়, উপসর্গ, পদপরিচয়, ক্রিয়া, লিঙ্গ, পুরুষ, বচন, শব্দ ও ধাতুরূপ, সমাস প্রভৃতি। |
| **অর্থতত্ত্ব** | বিপরীত শব্দ, প্রতিশব্দ, শব্দজোড়, বাগ্ধারা প্রভৃতি |
| **বাক্যতত্ত্ব** | বাক্যে রূপান্তর, বাচ্য, উক্তি, কারক বিশ্লেষণ, বাক্যের যোগ্যতা, বাক্যের উপাদান লোপ, যতিচিহ্ন প্রভৃতি। |

*উৎস: ভাষা-শিক্ষা (ড. হায়াৎ মামুদ)।*

**৭. প্রথম বাংলা ভাষার ব্যাকরণগ্রন্থ কে লেখেন?** *[১৪তম শি.নি. (কলেজ): ২০১৭]*

ক রামমোহন রায় খ নাথিনিয়েল ব্রাসি হ্যালহেড
গ উইলিয়াম কেরী ঘ সুনীতিকুমার চট্টোপধ্যায় **উ. খ**

**ব্যাখ্যা :** বাংলা ভাষার প্রথম ব্যাকরণগ্রন্থের রচয়িতা নাথিনিয়েল ব্রাসি হ্যালহেড। তাঁর রচিত গ্রন্থটির নাম 'এ গ্রামার অফ দি বেঙ্গল ল্যাঙ্গুয়েজ' (১৭৭৮)। গ্রন্থটি মূলত ইংরেজি ভাষায় রচিত। তবে দৃষ্টান্ত দেবার সময় এটির কিছু অংশ বাংলা লিপিতে মুদ্রিত হয়।

মনে রাখতে হবে,

● প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন (পর্তুগিজ ভাষায়)- মনোএল দা আসুসাম্পসাঁউ (ভোকাবুলারিও এম ইদিওমা বেনগল্লা ই পোরতুগিজ)।

● প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থ রচনা করেন (মূলত ইংরেজি ভাষায়)– নাথিনিয়েল ব্রাসি হ্যালহেড (এ গ্রামার অফ দি বেঙ্গলি ল্যাঙ্গুয়েজ)।

➲ বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ (বাংলায়)– গৌড়ীয় ব্যাকরণ (রামমোহন রায়)।

*উৎস: বাংলা সাহিত্যের ইতিহাস (মাহবুবুল আলম) এবং বাংলাপিডিয়া।*

**৮. বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে?** *[১৩তম শি.নি. (কলেজ): ২০১৬]*

ক সংস্কৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ হিন্দি ঘ আসামি **উ. খ**

**ব্যাখ্যা :** ড. মুহাম্মদ শহীদুল্লাহ মনে করেন, ভারতীয় ভাষা থেকেই বৈদিক এবং প্রাচীন ভারতীয় আর্য ভাষার সৃষ্টি।

খ্রিষ্টপূর্ব আটশ অব্দে প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকেই আদিম প্রাকৃত ভাষার সৃষ্টি।

# বাংলা সাহিত্য

## বাংলা সাহিত্যের প্রাচীন যুগ

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ১ | ০ | ০ | ১৩তম | ০ | ০ | ০ | ৮ম | ০ | ০ | ০ |
| ১৭তম | ০ | ০ | ০ | ১২তম | ১ | ০ | ০ | ৭ম | ০ | ০ | ০ |
| ১৬তম | ০ | ০ | ০ | ১১তম | ০ | ০ | ০ | ৬ষ্ঠ | ০ | ১ | ০ |
| ১৫তম | ০ | ০ | ০ | ১০ম | ০ | ০ | ০ | বিশেষ | ০ | ০ | ০ |
| ১৪তম | ১ | ০ | ০ | ৯ম | ০ | ০ | ০ | মোট | ৩ | ১ | ০ |

### কলেজ পর্যায়

১. **বাংলা ভাষার আদি নিদর্শন কোনটি?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ⓚ চর্যাপদ ⓛ শ্রীকৃষ্ণকীর্তন কাব্য
ⓜ বঙ্গবাণী ⓝ অন্নদামঙ্গল কাব্য **উ. ক**

**ব্যাখ্যা :** চর্যাপদ বাংলা ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন। এটি মূলত গানের সংকলন। ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবারের গ্রন্থাগার থেকে এই পুঁথি আবিষ্কার করেন। চর্যাপদ রচনা করেন বৌদ্ধ সহজিয়াগণ। সহজিয়াগণ হচ্ছে বৌদ্ধ সহজযান পন্থি। চর্যাপদের পদ সংখ্যা নিয়ে মতবিরোধ আছে। সুকুমার সেনের মতে ৫১টি পদ, অপরদিকে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ এর পদসংখ্যা বলেছেন ৫০টি। চর্যাপদ ছিন্নাবস্থায় উদ্ধার করা হয়েছিল বলে এই মতান্তরের সৃষ্টি হয়েছে। চর্যাপদের কবির সংখ্যা ২৩, মতান্তরে ২৪ জন।

চর্যাপদের পদগুলো প্রাচীন কোন ছন্দে রচিত তা আজ বলা সম্ভব নয়। তবে আধুনিক ছন্দের বিচারে এগুলো মাত্রাবৃত্ত ছন্দে রচিত। চর্যাপদের পদগুলো সন্ধ্যা বা সান্ধ্যাভাষায় রচিত।
*উৎস: বাংলা সাহিত্যের ইতিহাস (মাহবুবুল আলম)।*

২. **'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?** *[১৪তম শি.নি. (কলেজ): ২০১৭]*

ⓚ ১৯০৯ ⓛ ১৭৯৮ ⓜ ১৯০৭ ⓝ ১৭০৯ **উ. গ**

**ব্যাখ্যা :** ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল রাজদরবারের গ্রন্থাগার থেকে বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিষ্কার করেন। এ সময় চর্যাপদের সঙ্গে আবিষ্কৃত হয় আরও দুটি বই– 'ডাকার্ণব' ও 'দোহাকোষ'। হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় পুথিটি (৪৬টি পূর্ণাঙ্গ ও একটি খণ্ডিত পদবিশিষ্ট) *হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা* নামে ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত হয়। তিনি পুথির সূচনায় একটি সংস্কৃত শ্লোক থেকে নামের যে ইঙ্গিত পান, তাতে এটি 'চর্যাশ্চর্যবিনিশ্চয়' নামেও পরিচিতি পায়। তবে সংক্ষেপে পুথিটি 'বৌদ্ধগান ও দোহা' বা 'চর্যাপদ' নামেই অভিহিত হয়ে থাকে।
*উৎস: বাংলা সাহিত্যের ইতিহাস (মাহবুবুল আলম) এবং বাংলাপিডিয়া।*

৩. **বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?** *[১২তম শি.নি. (কলেজ): ২০১৫]*

ⓚ ছোটগল্প ⓛ নাটক ⓜ কাব্য ⓝ উপন্যাস **উ. গ**

**ব্যাখ্যা :** বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কাব্য। 'চর্যাপদ' বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ তথা কবিতা ও গানের সংকলন। এটি বাংলা সাহিত্যের আদিযুগের একমাত্র লিখিত নিদর্শন। চর্যাপদে সবচেয়ে বেশি পদ রচনা করেছেন কাহ্নপা।
*উৎস: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (সুকুমার সেন) এবং বাংলাপিডিয়া।*

### স্কুল পর্যায়

৪. **বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?** *[৬ষ্ঠ শি.নি. (স্কুল): ২০১০]*

ⓚ বৈষ্ণব পদাবলী ⓛ শ্রীকৃষ্ণকীর্তন
ⓜ চর্যাপদ ⓝ রামায়ণ **উ. গ**

**ব্যাখ্যা :** বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন ও একমাত্র নিদর্শন 'চর্যাপদ'।

➲ 'শ্রীকৃষ্ণকীর্তন' বাংলা সাহিত্যের প্রথম একক গ্রন্থ। এর রচয়িতা 'বড়ু চণ্ডীদাস'।

➲ 'রামায়ণ' হলো মহর্ষি বাল্মীকি রচিত একটি প্রাচীন ভারতীয় সংস্কৃত মহাকাব্য।

➲ বৈষ্ণব পদাবলীর আদি কবি – বাঙালি কবি জয়দেব। তাঁর রচিত সংস্কৃত গ্রন্থ 'গীতগোবিন্দম' বৈষ্ণব পদাবলীর আদি নিদর্শন।

ব্রজবুলি ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি কবি – বিদ্যাপতি।

বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি কবি – চণ্ডীদাস।
*উৎস: চর্যাগীতি পাঠ (মাহবুবুল হক) এবং বাংলাপিডিয়া।*

Live MCQ™ অ্যাপ থেকে এই টপিকের আরও MCQ অনুশীলন করতে পাশে থাকা QR কোডটি Scan করুন।
QR ID: 798383

NTRCA Job Solution

# ইংরেজি
# (English)

## ইংরেজি ভাষা
## (English Language)

## Noun, Pronoun, Number & Gender

### Noun & Pronoun

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ০ | ০ | ০ | ১৩তম | ০ | ০ | ০ | ৮ম | ০ | ২ | ০ |
| ১৭তম | ০ | ০ | ০ | ১২তম | ০ | ০ | ০ | ৭ম | ১ | ১ | ০ |
| ১৬তম | ০ | ০ | ০ | ১১তম | ১ | ০ | ০ | ৬ষ্ঠ | ১ | ০ | ০ |
| ১৫তম | ০ | ১ | ০ | ১০ম | ১ | ১ | ০ | বিশেষ | ০ | ১ | ০ |
| ১৪তম | ০ | ০ | ০ | ৯ম | ১ | ০ | ০ | মোট | ৫ | ৬ | ০ |

### কলেজ পর্যায়

১. **Which one is a compound noun?** *[১১তম শি. নি. (কলেজ): ২০১৪]*

ⓚ Headmaster ⓛ Information
ⓜ Friday ⓝ Examination — উ. ক

**ব্যাখ্যা :** Headmaster একটি compound noun যা head (মাথা) এবং master (শিক্ষক) এ দুটি noun নিয়ে গঠিত।

Compound Noun: A compound noun is a noun that is made with two or more words. অর্থাৎ দুই বা ততোধিক শব্দ নিয়ে যে noun গঠিত হয় সেগুলোকে Compound noun বলা হয়। Compound noun সাধারণত [noun + noun] বা [adjective + noun] গঠনে হয়ে থাকে, তবে আরও অন্যান্য ধরনের combination ও থাকতে পারে।

প্রতিটি Compound noun একটি একক শব্দগুচ্ছের (single unit) মতো কাজ করে এবং বিশেষণ বা অন্য বিশেষ্য দ্বারা modified (বিশেষিত) হতে পারে।

**Compound noun এর তিনটি রূপ আছে−**

**1. Open বা spaced :** শব্দগুলোর মাঝে ফাঁকা জায়গা থাকে। যেমন− tennis shoe.

**2. Hyphenated :** শব্দগুলোর মাঝে হাইফেন থাকে। যেমন− six-pack.

**3. Closed বা solid :** শব্দগুলোর মাঝে কোনো ফাঁকা জায়গা বা হাইফেন থাকে না। যেমন− bedroom.

**অন্যান্য অপশন:**

➲ **Information (তথ্য) :** একক শব্দ; Abstract noun

➲ **Friday (শুক্রবার) :** একক শব্দ; Proper noun

➲ **Examination (পরীক্ষা) :** একক শব্দ; Abstract noun

২. **Which one is a compound noun?** *[১০ম শি. নি. (কলেজ): ২০১৪]*

ⓚ Comprehension ⓛ Holiday
ⓜ Entertainment ⓝ Hair-brush — উ. ঘ

**ব্যাখ্যা :** Hair-brush is a compound noun যা hair (চুল) এবং brush (ব্রাশ) এ দুটি noun নিয়ে গঠিত।

NTRCA Job Solution

# গণিত
# Mathematics

## পাটিগণিত

### বাস্তব সংখ্যা ও ভগ্নাংশ

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ২ | ০ | ০ | ১৩তম | ২ | ১ | ১ | ৮ম | ৩ | ০ | ০ |
| ১৭তম | ২ | ০ | ১ | ১২তম | ২ | ০ | ৩ | ৭ম | ১ | ১ | ০ |
| ১৬তম | ১ | ১ | ১ | ১১তম | ২ | ২ | ০ | ৬ষ্ঠ | ২ | ১ | ০ |
| ১৫তম | ০ | ১ | ০ | ১০তম | ১ | ১ | ০ | বিশেষ | ০ | ০ | ০ |
| ১৪তম | ১ | ১ | ০ | ৯ম | ৩ | ১ | ০ | মোট | ২২ | ১০ | ৬ |

#### কলেজ পর্যায়

**১. ৬৩০০ সংখ্যাটিকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ⓚ ২ ⓛ ৩ ⓜ ৫ ⓝ ৭ **উ. ঘ**

**সমাধান :** ৬৩০০ = ২ × ২ × ৩ × ৩ × ৫ × ৫ × ৭
= (২ × ২) × (৩ × ৩) × (৫ × ৫) × ৭

এখানে ৭ সংখ্যাটি জোড়া বিহীন।

∴ ৬৩০০ সংখ্যাটিকে ৭ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

**২. ৫০ ও ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ⓚ ৭৪ ⓛ ৭৫ ⓜ ৭৬ ⓝ ৭৭ **উ. খ**

**সমাধান :**

৫০ থেকে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যা = ৯৭

৫০ থেকে ১০০ এর মধ্যবর্তী ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা = ৫৩

∴ গড় = $\frac{৯৭ + ৫৩}{২} = \frac{১৫০}{২}$ = ৭৫।

**৩. ২১৯৫২ সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ ২ ⓛ ৪ ⓜ ৭ ⓝ ৮ **উ. গ**

**সমাধান :** ২১৯৫২ = (২ × ২) × (২ × ২) × (২ × ২) × (৭ × ৭) × ৭

এখানে ৭ সংখ্যাটি জোড়া বিহীন।

∴ ২১৯৫২ সংখ্যাকে ৭ দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে।

**৪. ৯১, ১০১, ১১৭ এবং ১২৩ এর মধ্যে মৌলিক সংখ্যা কোনটি?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ ৯১ ⓛ ১০১ ⓜ ১১৭ ⓝ ১২৩ **উ. খ**

**সমাধান :** প্রদত্ত অপশনসমূহ–

➲ ৯১ = ৭ × ১৩ = ১ × ৯১

➲ ১০১ = ১ × ১০১ [মৌলিক সংখ্যা]

➲ ১১৭ = ৩ × ৩৯ = ১ × ১১৭

➲ ১২৩ = ৩ × ৪১ = ১ × ১২৩

১ এর চেয়ে বড় যে সকল সংখ্যাকে শুধুমাত্র ১ এবং ঐ সংখ্যা ছাড়া আর কোনো সংখ্যা দ্বারা ভাগ করা যায় না, তাদেরকে মৌলিক সংখ্যা বলে। অর্থাৎ মৌলিক সংখ্যার উৎপাদক হবে দুইটি : ১ এবং শুধু সেই সংখ্যাটি।

সুতরাং, ১০১ মৌলিক সংখ্যা।

**৫. ৮৮, ৯১, ৯৫ এবং ৯৯ সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাটির সর্বোচ্চ সংখ্যক উৎপাদক রয়েছে?** *[১৬তম শি.নি. (কলেজ): ২০১৯]*

ⓚ ৮৮ ⓛ ৯১ ⓜ ৯৫ ⓝ ৯৯ **উ. ক**

# বীজগণিত

## বীজগাণিতিক সূত্রাবলি ও এর প্রয়োগ

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ৫ | ১ | ২ | ১৩তম | ১ | ২ | ১ | ৮ম | ৩ | ১ | ০ |
| ১৭তম | ৩ | ২ | ৩ | ১২তম | ২ | ৪ | ৩ | ৭ম | ২ | ২ | ০ |
| ১৬তম | ৪ | ১ | ২ | ১১তম | ১ | ১ | ২ | ৬ষ্ঠ | ১ | ১ | ০ |
| ১৫তম | ২ | ৩ | ৩ | ১০তম | ১ | ২ | ২ | বিশেষ | ০ | ২ | ০ |
| ১৪তম | ২ | ০ | ৩ | ৯ম | ২ | ২ | ০ | মোট | ২৯ | ২৪ | ২১ |

### কলেজ পর্যায়

**১. $x + y + z = 7$ এবং $xy + yz + zx = 10$ হলে $x^2 + y^2 + z^2$ এর মান-** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

(ক) 29 (খ) 32 (গ) 35 (ঘ) 45 উ. ক

**সমাধান :** দেওয়া আছে, $x + y + z = 7$

এবং $xy + yz + zx = 10$

আমরা জানি,

$$(x + y + z)^2 = x^2 + y^2 + z^2 + 2(xy + yz + zx)$$
$$\Rightarrow 7^2 = x^2 + y^2 + z^2 + 2 \times 10$$
$$\Rightarrow 49 = x^2 + y^2 + z^2 + 20$$
$$\Rightarrow x^2 + y^2 + z^2 = 49 - 20$$
$$\therefore x^2 + y^2 + z^2 = 29$$

**২. $x^2 - 3x + 1 = 0$ হলে $\left(x - \frac{1}{x}\right)^4$ এর মান-** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

(ক) 3 (খ) 7 (গ) 25 (ঘ) 52 উ. গ

**সমাধান :** দেওয়া আছে, $x^2 - 3x + 1 = 0$

$$\Rightarrow x^2 + 1 = 3x$$
$$\Rightarrow \frac{x^2}{x} + \frac{1}{x} = \frac{3x}{x}$$
$$\therefore x + \frac{1}{x} = 3$$

আমরা জানি, $\left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4 \times x \times \frac{1}{x}$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 32 - 4$$
$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 5$$
$$\Rightarrow \left\{\left(x - \frac{1}{x}\right)^2\right\}^2 = 52$$
$$\therefore \left(x - \frac{1}{x}\right)^4 = 25$$

**৩. $a + b = \sqrt{7}$, $a - b = \sqrt{3}$ হলে 5ab এর মান-** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

(ক) $\sqrt{3}$ (খ) $\sqrt{7}$ (গ) 5 (ঘ) 7 উ. গ

**সমাধান :** আমরা জানি, $4ab = (a + b)^2 - (a - b)^2$

$$\Rightarrow 4ab = (\sqrt{7})^2 - (\sqrt{3})^2$$
$$\Rightarrow 4ab = 7 - 3$$
$$\Rightarrow 4ab = 4$$
$$\Rightarrow ab = 1$$
$$\Rightarrow 5ab = 1 \times 5$$
$$\therefore 5ab = 5$$

**৪. $x - \frac{1}{x} = 6$ হলে $\frac{x}{x^2 + 7x - 1}$ এর মান-** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

(ক) $\frac{1}{7}$ (খ) $\frac{1}{9}$ (গ) $\frac{1}{11}$ (ঘ) $\frac{1}{13}$ উ. ঘ

**সমাধান :** দেওয়া আছে, $x - \frac{1}{x} = 6$

$$\Rightarrow \frac{x^2 - 1}{x} = 6$$
$$\therefore x^2 - 1 = 6x$$

সুতরাং, $\frac{x}{x^2 + 7x - 1} = \frac{x}{6x + 7x} = \frac{x}{13x} = \frac{1}{13}$

**৫. $x - y = 3$ হলে $x^3 - y^3 - 9xy$ এর মান-** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

(ক) 27 (খ) 18 (গ) 9 (ঘ) 6 উ. ক

**সমাধান :** দেওয়া আছে, $x - y = 3$

এখানে, $x^3 - y^3 - 9xy = (x - y)^3 + 3xy(x - y) - 9xy$

$$\Rightarrow x^3 - y^3 - 9xy = 3^3 + 3xy \times 3 - 9xy$$
$$\Rightarrow x^3 - y^3 - 9xy = 27 + 9xy - 9xy$$
$$\therefore x^3 - y^3 - 9xy = 27$$

NTRCA Job Solution

# সাধারণ জ্ঞান
# General Knowledge

## বাংলাদেশ বিষয়াবলি
## Bangladesh Affairs

### প্রাচীনযুগ

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ২ | ১ | ০ | ১৩তম | ২ | ০ | ২ | ৮ম | ১ | ০ | ০ |
| ১৭তম | ১ | ০ | ২ | ১২তম | ০ | ০ | ১ | ৭ম | ১ | ০ | ০ |
| ১৬তম | ১ | ২ | ১ | ১১তম | ১ | ৩ | ০ | ৬ষ্ঠ | ০ | ১ | ০ |
| ১৫তম | ১ | ১ | ১ | ১০ম | ০ | ১ | ০ | বিশেষ | ০ | ০ | ০ |
| ১৪তম | ১ | ১ | ০ | ৯ম | ০ | ০ | ০ | মোট | ১১ | ১০ | ০৭ |

#### কলেজ পর্যায়

১. **পুণ্ড্রনগর কোন জেলায় অবস্থিত?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ক কুমিল্লা খ নওগাঁ গ বগুড়া ঘ দিনাজপুর **উ. গ**

**ব্যাখ্যা :** মহাস্থানগড় বাংলাদেশের একটি অন্যতম প্রাচীন পুরাকীর্তি ও পর্যটন কেন্দ্র। পূর্বে এর নাম ছিল পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর। এক সময় মহাস্থানগড় বাংলার রাজধানী ছিল। এখানে মৌর্য, গুপ্ত, পাল, সেন সাম্রাজ্যের প্রচুর নিদর্শন পাওয়া গিয়েছে। এর অবস্থান বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায়। বগুড়া শহর থেকে প্রায় ১০ কি.মি উত্তরে করতোয়া নদীর তীরে এটি অবস্থিত। সেন বংশের শেষ রাজা লক্ষণ সেন (১০৮২-১১২৫) যখন গৌড়ের রাজা ছিলেন তখন এই গড় অরক্ষিত ছিল।

*উৎস: জাতীয় তথ্য বাতায়ন।*

২. **বর্তমান বৃহত্তম ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ক সমতট খ পুণ্ড্র গ বঙ্গ ঘ হরিকেল **উ. গ**

**ব্যাখ্যা :** বৃহত্তর ঢাকা ও ময়মনসিংহ, কুষ্টিয়া, যশোর, খুলনা, ফরিদপুর বঙ্গ জনপদের অধীনে ছিল।

➲ প্রাচীন বাংলার জনপদগুলোর মধ্যে অন্যতম আরেকটি জনপদ হলো পুণ্ড্র। এই অঞ্চলের রাজধানী ছিল পুণ্ড্রনগর। এর বর্তমান নাম মহাস্থানগড়।

➲ বর্তমান কুমিল্লা ও নোয়াখালী একসময় সমতট নামে পরিচিত ছিল। কুমিল্লা শহর থেকে ১২ মাইল দূরে বড় কামতা এ জনপদের রাজধানী ছিল।

➲ হরিকেল জনপদ বিস্তৃত ছিল শ্রীহট্ট (সিলেট) থেকে চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও কক্সবাজার পর্যন্ত।

*উৎস: ২৯ আগস্ট, ২০১৭, কালের কণ্ঠ।*

৩. **বাংলার সর্বপ্রাচীন জনপদ কোনটি?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ক পুণ্ড্র খ সমতট গ রাঢ় ঘ হরিকেল **উ. ক**

**ব্যাখ্যা :** প্রাচীন বাংলার অন্যতম একটি গুরুত্বপূর্ণ জনপদের নাম পুণ্ড্র। পুণ্ড্ররা বঙ্গসহ অন্যান্য জাতিগোষ্ঠীর নিকটজন ছিল। পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম পুণ্ড্রনগর। পরবর্তী কালে এর নাম মহাস্থানগড় হয়। বর্তমান বগুড়া শহরের অদূরে করতোয়া নদীর তীরে পুণ্ড্রনগর অবস্থিত। এ রাজ্যের বিস্তৃতি বর্তমান বগুড়া, রংপুর, রাজশাহী ও দিনাজপুর পর্যন্ত। পুণ্ড্র রাজ্যের উত্তর অংশের নাম বরেন্দ্র, বরেন্দ্রী অথবা বরেন্দ্রভূমি ছিল। রাজশাহী অঞ্চলকে এখনও বরেন্দ্র বলা হয়ে থাকে। সম্ভবত মৌর্য সম্রাট অশোকের রাজত্বকালে (খ্রি. পূ. ২৭৩-২৩২ অব্দ) প্রাচীন পুণ্ড্র রাজ্য স্বাধীনসত্তা হারায়। ক্রমবর্ধমান সমৃদ্ধির সঙ্গে সঙ্গে পুণ্ড্র ৫ম-৬ষ্ঠ শতকে পুণ্ড্রবর্ধন নামে পরিচিত হয়। গুপ্ত যুগে (৪র্থ-৬ষ্ঠ শতক) পুণ্ড্রনগর ছিল গুপ্তদের প্রাদেশিক রাজধানী। পুণ্ড্র জনপদে একটি উন্নত নগর সভ্যতা ছিল।

# আন্তর্জাতিক বিষয়াবলি
# International Affairs

## বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ৩ | ৩ | ৩ | ১৩তম | ০ | ১ | ১ | ৮ম | ৩ | ২ | ০ |
| ১৭তম | ২ | ৩ | ২ | ১২তম | ৬ | ৩ | ৫ | ৭ম | ২ | ৪ | ০ |
| ১৬তম | ৩ | ৩ | ২ | ১১তম | ৩ | ০ | ২ | ৬ষ্ঠ | ১ | ৩ | ০ |
| ১৫তম | ৫ | ৩ | ২ | ১০তম | ২ | ১ | ০ | বিশেষ | ০ | ৬ | ০ |
| ১৪তম | ৩ | ১ | ৪ | ৯ম | ২ | ০ | ০ | মোট | ৩৫ | ৩৩ | ২১ |

### কলেজ পর্যায়

১. **বান্দুং শহরটি কোন দেশে অবস্থিত?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*
ক চীন খ ইন্দোনেশিয়া
গ মালয়েশিয়া ঘ যুগোস্লাভিয়া **উ. খ**

**ব্যাখ্যা :** বান্দুং হলো ইন্দোনেশিয়ার জাভা প্রদেশের রাজধানী ও বৃহত্তম শহর। শহরটি জাভা দ্বীপ-এর পশ্চিমে অবস্থিত।

উল্লেখ্য, ১৯৫৫ সালের ১৮-২৪ এপ্রিল বান্দুং কনফারেন্সের প্রেক্ষিতে ন্যাম (NAM: Non-Aligned Movement) গঠিত হয়।
*উৎস: ব্রিটানিকা।*

২. **বৌদ্ধ ধর্মের বিখ্যাত নিদর্শন তক্ষশীলা কোথায় অবস্থিত?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*
ক নেপাল খ শ্রীলংকা
গ পাকিস্তান ঘ থাইল্যান্ড **উ. গ**

**ব্যাখ্যা :** পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডি জেলায় বৌদ্ধ ধর্মের স্মৃতি বিজড়িত স্থান তক্ষশীলা। গৌতম বুদ্ধের দিব্যজ্ঞান লাভের স্থান বুদ্ধগয়া। সারনাথ একটি উদ্যান যেখানে গৌতম বুদ্ধ সর্বপ্রথম ধর্ম নিয়ে ভেবেছিলেন। এই স্থানটি ভারতের উত্তর প্রদেশের বারানাশী শহর থেকে ১৩ কিলোমিটার উত্তর-পূর্ব দিকে অবস্থিত।

বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা গৌতম বুদ্ধের ব্যক্তিগত নাম সিদ্ধার্থ। তাঁর জন্ম খ্রিস্টপূর্ব ৬ষ্ঠ-৪র্থ শতাব্দীতে নেপালের কপিলাবস্তুর নিকট লুম্বিনীতে। বুদ্ধ উপাধিটির অর্থ হলো একজন আলোকিত সত্তা, যিনি অজ্ঞতার ঘুম থেকে জেগে উঠেছেন এবং যন্ত্রণা থেকে মুক্তি লাভ করেন। বৌদ্ধধর্মের সব রূপই গৌতম বুদ্ধের জীবনের বিভিন্ন ঘটনা উদযাপন করে, যার মধ্যে রয়েছে তাঁর জন্ম, জ্ঞানার্জন এবং নির্বাণে উত্তরণ। তাঁর মৃত্যু কুশিনারা, মাল্লা প্রজাতন্ত্র, মগধ রাজ্যে।
*উৎস: ব্রিটানিকা।*

৩. **কোনটি উপদ্বীপ?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*
ক জার্মান খ কোরিয়া
গ সৌদি আরব ঘ মিয়ানমার **উ. খ**

**ব্যাখ্যা :** কোরীয় উপদ্বীপ পূর্ব এশিয়ায় অবস্থিত একটি উপদ্বীপ। এটি উত্তর-পশ্চিম এশিয়া থেকে প্রশান্ত মহাসাগরে এসে পড়েছে। উপদ্বীপটি জাপান সাগর (পূর্ব সাগর) এবং হলুদ সাগর দ্বারা আবদ্ধ। উত্তর ও দক্ষিণ কোরিয়া উপদ্বীপটি ভাগ করে নেয়।

উল্লেখ্য, উপদ্বীপের তিনদিকে পানি আর অপর অংশ স্থলভাগের সাথে যুক্ত থাকে। কোরিয়ার তিনদিকে সাগর আর বাকি অংশ চীনের সাথে যুক্ত বিধায় কোরিয়াকে উপদ্বীপ বলা হয়।
*উৎস: ব্রিটানিকা।*

৪. **কোন শহরটি 'বিগ অ্যাপেল' নামে পরিচিত?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*
ক লন্ডন খ প্যারিস
গ সিঙ্গাপুর ঘ নিউইয়র্ক **উ. ক**

**ব্যাখ্যা :** বিগ অ্যাপল/গগণচুম্বি অট্টালিকার শহর নিউইয়র্ক। অন্যদিকে, ফ্রান্সের রাজধানী প্যারিসকে সিটি অব লাভ বলা হয়।
*উৎস: ব্রিটানিকা।*

# সাধারণ বিজ্ঞান
# General Science

## পদার্থবিজ্ঞান

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ২ | ০ | ০ | ১৩তম | ১ | ১ | ০ | ৮ম | ১ | ২ | ০ |
| ১৭তম | ৩ | ০ | ০ | ১২তম | ০ | ১ | ০ | ৭ম | ১ | ০ | ০ |
| ১৬তম | ১ | ০ | ০ | ১১তম | ১ | ০ | ১ | ৬ষ্ঠ | ১ | ০ | ০ |
| ১৫তম | ০ | ১ | ১ | ১০তম | ১ | ২ | ১ | বিশেষ | ০ | ৩ | ০ |
| ১৪তম | ১ | ০ | ১ | ৯ম | ১ | ১ | ০ | মোট | ১৪ | ১১ | ৪ |

### কলেজ পর্যায়

১. **অতিবেগুনি রশ্মি কোথা থেকে আসে?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ⓚ চন্দ্র ⓛ তারকা
ⓜ সূর্য ⓝ ব্লাক হোল **উ. গ**

**ব্যাখ্যা :** জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি হলো গামা রশ্মি। গামা রশ্মির ভেদন ক্ষমতা অন্যান্য তেজস্ক্রিয় রশ্মি আলফা ও বিটা রশ্মির চেয়ে অনেক বেশি। গামা রশ্মি প্রায় কয়েক সেন্টিমিটার পর্যন্ত সীসা ভেদ করতে পারে।

আল্ট্রাভায়োলেট বা অতিবেগুনি রশ্মি সূর্য থেকে আসে যা তেজস্ক্রিয় রশ্মি থেকে কম ক্ষতিকর। গামা রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম হওয়ায়-এর ভেদন ক্ষমতাও সবচেয়ে বেশি। পারমাণবিক বিস্ফোরণে গামা রশ্মি নির্গত হয়। বিটা ও আলফা রশ্মি গামা রশ্মির তুলনায় কম ক্ষতিকর।

*উৎস: নাসা ওয়েবসাইট।*

২. **কোথায় বস্তুর ওজন সবচেয়ে কম?** *[১৮তম শি.নি. (কলেজ): ২০২৪]*

ⓚ ভূ-পৃষ্ঠে ⓛ মেরু অঞ্চলে
ⓜ নিরক্ষীয় অঞ্চলে ⓝ পৃথিবীর কেন্দ্রে **উ. গ**

**ব্যাখ্যা :** বস্তুর ওজন অভিকর্ষজ ত্বরণ g-এর উপর নির্ভরশীল। অভিকর্ষজ ত্বরণ g-এর আদর্শ মান ৯.৮ মিটার/সেকেন্ড$^2$। যে স্থানে অভিকর্ষজ ত্বরণ বেশি সেই স্থানে বস্তুর ওজন বেশি। বিষুবীয় (নিরক্ষীয়) অঞ্চলে অভিকর্ষজ ত্বরণ সবচেয়ে কম তাই বস্তুর ওজন সবচেয়ে কম হয়। মেরু অঞ্চলে অভিকর্ষজ ত্বরণ সবচেয়ে বেশি তাই বস্তুর ওজন সবচেয়ে বেশি হয়। পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।

*উৎস: বিজ্ঞান, অষ্টম শ্রেণি।*

৩. **'আলোর কণা' তত্ত্বের প্রবক্তা কে?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ আইজ্যাক নিউটন ⓛ অ্যালো হ্যাজেন
ⓜ গ্যালিলিও ⓝ রামফোর্ড **উ. ক**

**ব্যাখ্যা :** আলোর কণা তত্ত্বের প্রবক্তা– স্যার আইজ্যাক নিউটন। অন্যদিকে,

➲ তরঙ্গ তত্ত্বের প্রবক্তা– হাইগেন।
➲ তাড়িত চৌম্বক তত্ত্বের প্রবক্তা– ম্যাক্সওয়েল।
➲ কোয়ান্টাম তত্ত্বের প্রবক্তা– ম্যাক্সপ্লাঙ্ক।

*উৎস: পদার্থ বিজ্ঞান, নবম-দশম শ্রেণি।*

৪. **আকাশের উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ লুব্ধক ⓛ সূর্য
ⓜ প্রক্সিমা সেন্টারাই ⓝ ধ্রুবতারা **উ. ক**

**ব্যাখ্যা :** লুব্ধক পৃথিবীর আকাশের উজ্জ্বলতম তারা। লুব্ধক এত উজ্জ্বল দুটি কারণে-এর স্বকীয় উজ্জ্বলতা এবং এর অবস্থান পৃথিবীর খুবই নিকটে। এটি একটি জোড়া বা যুগ্মতারা। লুব্ধক বলতে মূলত 'সিরিয়াস' (Sirius) তারাটিকে বোঝায়।

*উৎস: ব্রিটানিকা।*

৫. **কোনটিতে রোবটের ব্যবহার করা হয়?** *[১৭তম শি.নি. (কলেজ): ২০২২]*

ⓚ জটিল সার্জারি চিকিৎসায়
ⓛ ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
ⓜ নতুন জাতের বীজ উৎপাদনে
ⓝ টেনিস বলের আকৃতি তৈরিতে **উ. ক**

**ব্যাখ্যা :** জটিল সার্জারি চিকিৎসায় রোবট ব্যবহৃত হয়। অন্যদিকে,

➲ নতুন জাতের বীজ উৎপাদনে জেনেটিক ইঞ্জিনিয়ারিং ব্যবহৃত হয়।

# পরিবেশ বিজ্ঞান

| NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | | NTRCA | প্রশ্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ | | কলেজ | স্কুল | স্কুল-২ |
| ১৮তম | ০ | ১ | ৩ | ১৩তম | ১ | ১ | ০ | ৮ম | ০ | ১ | ০ |
| ১৭তম | ০ | ০ | ১ | ১২তম | ০ | ০ | ০ | ৭ম | ০ | ০ | ০ |
| ১৬তম | ১ | ০ | ১ | ১১তম | ০ | ১ | ১ | ৬ষ্ঠ | ০ | ০ | ০ |
| ১৫তম | ১ | ১ | ০ | ১০তম | ০ | ১ | ১ | বিশেষ | ০ | ১ | ০ |
| ১৪তম | ১ | ০ | ০ | ৯ম | ০ | ১ | ০ | মোট | ৪ | ৮ | ৭ |

## কলেজ পর্যায়

১. **SMOG হচ্ছে—** *[১৬তম শি.নি. (কলেজ): ২০১৯]*
ⓚ সিগারেটের ধোঁয়া ⓛ কুয়াশা
ⓜ কালধোঁয়া ⓝ দূষিত বাতাস **উ. ঘ**

**ব্যাখ্যা :** SMOG হচ্ছে এক ধরনের দূষিত বাতাস। ধোঁয়া ও কুয়াশা মিলে SMOG সৃষ্টি হয়। 'SMOG' শব্দটি SMOKE ও FOG শব্দ দুটো থেকে এসেছে। মোটরগাড়ি, কলকারখানার ধোঁয়া, কলকারখানার বর্জ্য, ধূলিকণা ইত্যাদি মিলে SMOG সৃষ্টি হয়। SMOG অবস্থায় বেশিক্ষণ বিরাজ করলে ফুসফুসে সমস্যা দেখা দেয়।

এই ধোঁয়ায় অবস্থিত বিভিন্ন গ্যাস বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি ঘটায় এবং মাটির অম্লত্ব বৃদ্ধি করে। মাটির অম্লত্ব বৃদ্ধি পেলে তাতে উদ্ভিদ সহজে জন্মে না। SMOG শ্বাস-প্রশ্বাসের সাথে ফুসফুসে প্রবেশ করে এবং মানবদেহে ক্যান্সার, হাঁপানি, ব্রঙ্কাইটিস প্রভৃতি মারাত্মক রোগ সৃষ্টি করে।

*উৎস: National Geographic Society।*

২. **বায়ুমণ্ডলের ওজন স্তর অবক্ষয়ের জন্য কোন গ্যাসের ভূমিকা সর্বোচ্চ?** *[১৫তম শি.নি. (কলেজ): ২০১৮]*
ⓚ সিএফসি ⓛ মিথেন
ⓜ কার্বন ডাইঅক্সাইড ⓝ নাইট্রোজেন **উ. ক**

**ব্যাখ্যা :** বায়ুমণ্ডলের ওজন স্তর অবক্ষয়ের জন্য সিএফসি গ্যাসের ভূমিকা সর্বোচ্চ। CFC-এর পূর্ণরূপ হলো ক্লোরো-ফ্লুরো-কার্বন। মূলত মিথেন বা ইথেনের ক্লোরিন ও ফ্লোরিনের জাতকসমূহকে সিএফসি বলা হয়। গন্ধহীন, অদাহ্য, অবিষাক্ত এবং নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট এসব যৌগের বাণিজ্যিক নাম ফ্রেয়ন।

**সিএফসি (CFC) এর ব্যবহার—**

১। কীটনাশক ও পোকামাকড় দমনের জন্য বিষাক্ত দ্রবণ তৈরিতে দ্রাবক হিসাবে CFC ব্যবহার করা হয়।

২। শ্বাস-প্রশ্বাসের ক্ষেত্রে ব্যবহৃত ইনহেলার, মেডিক্যাল স্প্রে-প্রভৃতি ক্ষেত্রে CFC ব্যবহার করা হয়।

৪। সার্জিক্যাল যন্ত্রপাতি পরিষ্কার করার কাজে CFC ব্যবহার করা হয়।

৫। CFC এর স্ফুটনাংক কম হওয়ায় বিভিন্ন ধরনের রেফ্রিজারেশন ও শীতাতাপ নিয়ন্ত্রণ ব্যবস্থায় ব্যবহার করা হয়।

৬। অগ্নিনির্বাপক যন্ত্রে CFC যৌগের ব্যবহার রয়েছে।

*উৎস: United States Environmental Protection Agency.*

৩. **ওজন স্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি?** *[১৪তম শি.নি. (কলেজ): ২০১৭]*
ⓚ $CO_2$ ⓛ $SO_2$ ⓜ CO ⓝ CFC **উ. ঘ**

**ব্যাখ্যা :** ওজোন স্তর ক্ষয়কারী পর্দাথের মধ্যে CFC হলো প্রধান। সিএফসি হলো ক্লোরোফ্লোরো কার্বনের সংক্ষিপ্ত রূপ। এটি বায়ুমণ্ডলের ওজোনস্তরে পৌঁছে ওজোনের সঙ্গে বিক্রিয়া করে অক্সিজেনে পরিণত করে। এর ফলে ওজোনস্তর হালকা বা ফুটো হয়ে যায়। এই ফাটল দিয়ে মহাজাগতিক বিভিন্ন রশ্মি পৃথিবীতে এসে জীবজগতের ক্ষতিসাধন করে।

এছাড়াও $N_2O$, NO, $CH_4$, BCF, $CH_3Br$, $CCl_4$ ইত্যাদি ওজোন স্তর ক্ষয়কারী পর্দাথের অন্তর্ভুক্ত।

*উৎস : রসায়ন (২য় পত্র), একাদশ- দ্বাদশ শ্রেণি।*

৪. **বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী—** *[১৩তম শি.নি. (কলেজ): ২০১৬]*
ⓚ অক্সিজেন ⓛ নাইট্রোজেন
ⓜ কার্বন মনোক্সাইড ⓝ কার্বন ডাইঅক্সাইড **উ. গ**

**ব্যাখ্যা :** World Health Organization (WHO) বা বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে, "পৃথিবীর বায়ুমণ্ডলের মধ্যে অনিষ্টকর পদার্থের সমাবেশ যখন মানুষ ও তার পরিবেশের ক্ষতি করে সেই অবস্থাকে বায়ু দূষণ বলে"।

অন্যান্য দূষণের চেয়ে বায়ু দূষণের পরিধি এবং ব্যাপকতা সবচেয়ে বেশি। কারণ বাতাস স্বল্প সময়ে দূষিত পদার্থকে চতুর্দিকে ছড়িয়ে দিতে পারে।

**বায়ুর প্রধান দূষক সমূহ হলো—** কার্বন মনোক্সাইড, ওজোন, নাইট্রোজেন ডাই-অক্সাইড, সালফার ডাই-অক্সাইড, সীসা ইত্যাদি।

*উৎস : বিশ্ব স্বাস্থ্য সংস্থার ওয়েবসাইট।*

# ১ম-৫ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা
## স্কুল পর্যায়

## ৫ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা– ২০০৯ (স্কুল পর্যায়)
**সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ০১**

**পদের নাম :** নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক ও সহকারী মৌলভী/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসার প্রদর্শক ও শরীর চর্চা শিক্ষক/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর ও জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর।

*[দ্রষ্টব্য : উত্তরপত্রে প্রতিটি বিভাগের প্রশ্নের উত্তর বিভাগভিত্তিক পৃথক থাকতে হবে। এক বিভাগের প্রশ্নের উত্তরের মধ্যে অন্য বিভাগের প্রশ্নের উত্তর দেয়া যাবে না। প্রয়োজনে জায়গা খালি রেখে অন্য বিভাগের উত্তর শুরু করতে হবে।]*

### ক বিভাগ : বাংলা (আবশ্যিক)

**মান : ২৫**

**১. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন। ৫ × ৩ = ১৫**

**ক. সাধু ও চলিত ভাষারীতির পাঁচটি বৈশিষ্ট্য লিখুন।**

**সাধু ভাষারীতির বৈশিষ্ট্য:**

১. ক্রিয়াপদে পুরুষ ও কাল অনুযায়ী রূপ পরিবর্তন হয় (যেমন: তিনি গমন করিলেন, আমি গমন করিলাম)।

২. সর্বনাম ও ক্রিয়ার রূপ জটিল ও প্রাচীন রীতির হয় (যেমন: তাহাকে, কর্তৃক)।

৩. শব্দগঠনে সংস্কৃত বা তৎসম শব্দের প্রাচুর্য থাকে (যেমন: প্রাতঃকাল, মনুষ্য)।

৪. বাক্য গঠন দীর্ঘ ও জটিল হয়, সহজবোধ্যতার চেয়ে শিষ্টতা প্রাধান্য পায়।

৫. সাধু ভাষায় লেখা সাধারণত গ্রন্থ, গবেষণা বা আনুষ্ঠানিক রচনায় ব্যবহৃত হয়।

**চলিত ভাষারীতির বৈশিষ্ট্য:**

১. ক্রিয়াপদ সরল ও প্রচলিত রূপে ব্যবহৃত হয় (যেমন: তিনি গেলেন, আমি গেলাম)।

২. সর্বনাম ও ক্রিয়ার রূপ সহজ ও সংক্ষিপ্ত (যেমন: তাকে, দিয়ে)।

৩. শব্দগঠনে চলতি ও কথ্য শব্দের ব্যবহার বেশি (যেমন: সকাল, মানুষ)।

৪. বাক্য গঠন ছোট ও সরল, দৈনন্দিন কথোপকথনের কাছাকাছি।

৫. চলিত ভাষা সাধারণ লেখালেখি, পত্রিকা, গল্প-উপন্যাসে বেশি ব্যবহৃত হয়।

**খ. বিরাম চিহ্ন কী? ড্যাশ ও সেমিকোলন ব্যবহারের দুটি করে নিয়ম উদাহরণসহ লিখুন।**

**বিরাম চিহ্ন :** মুখের কথাকে লিখিত রূপ দেওয়ার সময়ে কম-বেশি থামা বোঝাতে যেসব চিহ্ন ব্যবহৃত হয়, সেগুলোকে বিরাম-চিহ্ন বলে। বিরাম চিহ্নকে যতিচিহ্ন বা বিরতিচিহ্নও বলা হয়।

**ড্যাশ (–) ব্যবহারের দুটি নিয়ম উদাহরণসহ:**

১. যৌগিক বা মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন অংশগুলোর মধ্যে সংযোগ বা বিপরীত ভাব দেখাতে ড্যাশ ব্যবহার করা হয়।
উদাহরণ: সে খুব পরিশ্রমী–কিন্তু ফল পায় না।

২. বাক্যের মধ্যে অতিরিক্ত ব্যাখ্যা বা উদাহরণ যোগ করতে ড্যাশ ব্যবহার করা হয়।
উদাহরণ: বাংলাদেশ – একটি নদীমাতৃক দেশ – প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর।

**সেমিকোলন (;) ব্যবহারের দুটি নিয়ম উদাহরণসহ:**

১. কোনো তালিকায় বিদ্যমান একাধিক ব্যক্তির নাম ও পদের তালিকা অনুধাবনের সুবিধার্থে সেমিকোলন ব্যবহার করা হয়। যেমন– গঠিত কমিটিতে সভাপতি, মোহাম্মদ আমজাদ; সহ-সভাপতি, নুর উদ্দীন; সাধারণ সম্পাদক, হামেদ আলি প্রমুখ।

২. আইনের কোনো ধারায় এক বা একাধিক উপধারা কিংবা শর্ত থাকলে তা পৃথকীকরণের জন্য সেমিকোলন ব্যবহার করা হয়। যেমন– সংবিধানের ৬৬ নং ধারা নিম্নোক্ত উপধারা: (১) বয়স ১৮ বছর হতে হবে; (২) প্রকৃতিস্থ হতে হবে।

**গ. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন : গৃহান্তর, অনশন, একাদশ, বিজয়পতাকা, প্রতিপক্ষ।**

**উত্তর :**

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাস |
|---|---|---|
| গৃহান্তর | অন্য গৃহ | নিত্য সমাস |
| অনশন | ন অশন | নঞ্ তৎপুরুষ |
| একাদশ | এক অধিক দশ | মধ্যপদলোপী কর্মধারয় |
| বিজয়পতাকা | বিজয়সূচক পতাকা | মধ্যপদলোপী কর্মধারয় |
| প্রতিপক্ষ | বিরুদ্ধ পক্ষ | অব্যয়ীভাব |

**ঘ. সতস্ফুর্ত, দারিদ্রতা, মুমূর্ষ, সত্তাধিকারী, গীতাঞ্জলী।**

**উত্তর :** সতস্ফুর্ত = স্বতঃস্ফূর্ত; দারিদ্রতা = দরিদ্রতা/দারিদ্র্য; মুমূর্ষ = মুমূর্ষু; সত্তাধিকারী = স্বত্বাধিকারী; গীতাঞ্জলী = গীতাঞ্জলি।

**প্রাথমিক তথ্যাদি:**
**নাম:** তাহমিনা ইসলাম
**পিতার নাম:** মো: শফিকুল ইসলাম
**মাতার নাম:** সালমা ইসলাম
**জন্ম তারিখ:** ১৭ ডিসেম্বর, ১৯৯৯।
**বর্তমান ঠিকানা:** ২/৩, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০।
**স্থায়ী ঠিকানা:** গ্রাম: রামপ্রসাদের চর, পো: রামনগর, থানা: মেঘনা, জেলা: কুমিল্লা।
**মোবাইল:** ০১৯১২৩৪৫৬৭৮
**ইমেইল:** tahmina.ak@gmail.com

**শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষা | বিষয় | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | বছর | ফলাফল |
|---|---|---|---|---|
| এমএ | বাংলা সাহিত্য | ঢাকা বিশ্ববিদ্যালয় | ২০২৩ | ৩.৬৫ |
| বিএ (অনার্স) | বাংলা | ঢাকা বিশ্ববিদ্যালয় | ২০২২ | ৩.৫০ |
| এইচএসসি | মানবিক | ঢাকা | ২০১৮ | জিপিএ-৫ |
| এসএসসি | মানবিক | ঢাকা | ২০১৬ | জিপিএ-৫ |

**অতিরিক্ত যোগ্যতা:**
✓বি.এড (১ম শ্রেণি, ২০২৪, নেত্রকোণা সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ)।
✓কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা।
**শিক্ষকতা অভিজ্ঞতা:** ১ বছর প্রাইভেট কলেজে শিক্ষকতা।

অতএব, সবিনয় নিবেদন এই যে, আমি আপনার প্রতিষ্ঠানে যোগদানে আগ্রহী এবং সাক্ষাৎকারের সুযোগ প্রার্থনা করছি।
বিনীত নিবেদক,
তাহমিনা ইসলাম

**সংযুক্তি:**
১. জীবনবৃত্তান্ত।
২. সকল শিক্ষাগত সনদ ও বি.এড সনদের সত্যায়িত ফটোকপি।
৩. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪. ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

**খ. বিদ্যালয়ের জন্য ক্রীড়াসামগ্রীর মূল্যতালিকা চেয়ে কোনো প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানের কাছে একটি পত্র লিখুন।**

২৫ মে, ২০২৬
বরিশাল।
বরাবর,
ম্যানেজার,
স্পোর্টস কর্নার,
গুলিস্তান, ঢাকা।
**বিষয় : ক্রীড়াসামগ্রীর মূল্যতালিকা প্রেরণের আবেদন।**
মহাশয়,
সবিনয় নিবেদন এই যে, আমাদের বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে বিভিন্ন ক্রীড়াসামগ্রী ক্রয় করার প্রয়োজন হয়েছে। এ জন্য ফুটবল, ক্রিকেট ব্যাট, স্টাম্প, ভলিবল ও ট্র্যাকস্যুটের হালনাগাদ মূল্যতালিকা প্রয়োজন। অতএব, দ্রুত মূলতালিকাটি পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

নিবেদক,
প্রধান শিক্ষক,
আদর্শ উচ্চ বিদ্যালয়, বরিশাল।

## খ বিভাগ : English (Compulsory)

**Marks : 25**
*[N.B.- The figures in the margin indicate full marks.]*

**1. Translate the following sentences into English (any five) :** **1 × 5 = 5**

**a. দুষ্টু গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো।**
**Ans :** Better an empty house than a bad tenant.

**b. আমার যদি ডানা থাকতো, তবে তোমার কাছে উড়ে যেতাম।**
**Ans :** Had I the wings, I would have flown to you./ If I had the wings, I would have flown to you.

**c. তুমি তো আচ্ছা নাছোড়বান্দা!**
**Ans :** You are so stuborn!

**d. তাকে একটু একা থাকতে দাও।**
**Ans :** Leave him alone. /Let him be alone.

**e. ১০ তারিখ কী বার?**
**Ans :** What's the day on the 10th instant?

**f. আমরা সুমিকে হাসাতে চেষ্টা করলাম।**
**Ans :** We tried to make Sumi laugh.

**g. ২০০৪ সালে বাড়িটি বানানো হয়েছে।**
**Ans :** The house was built in 2004.

**2. Translate the following into Bangla:** **5**
Today's world is merely the creation of printing press. We have been seeking ourselves into books. So books have kept us apart from the truth of nature and of life. To know and to realise the truth of life and the universe your have to sacrifice yourself into the great space of nature. Do not get yourself aloof from the touch of nature.

**অনুবাদ :** আজকের পৃথিবী মূলত মুদ্রণযন্ত্রেরই সৃষ্টি। আমরা নিজেদের বইয়ের ভেতরেই খুঁজে ফিরছি। ফলে বই আমাদের প্রকৃতি ও জীবনের সত্য থেকে অনেকটাই দূরে সরিয়ে রেখেছে। জীবন ও বিশ্বজগতের সত্যকে জানতে ও উপলব্ধি করতে হলে প্রকৃতির বিশাল পরিসরে নিজেকে সমর্পণ করতে হবে। প্রকৃতির স্পর্শ থেকে নিজেকে কখনোই বিচ্ছিন্ন করে রেখো না।

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

১৭ লাখ+
ব্যবহারকারীর আস্থা!

Live MCQ™ বাংলাদেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির অনলাইন প্ল্যাটফর্ম ও ক্যারিয়ার পরামর্শক। 'সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি'- এই মূলমন্ত্রকে সামনে রেখে ২০১৭ সাল থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে ১৭ লাখের বেশি ব্যবহারকারীর আস্থা।

**চাকরির প্রস্তুতিতে Live MCQ™ কেন প্রয়োজন?**

প্রতিযোগিতামূলক Live পরীক্ষার ধারণা নিয়ে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে দেশের প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির সবচেয়ে বড় অনলাইনভিত্তিক প্ল্যাটফর্ম। Live প্রতিযোগিতামূলক পরীক্ষার পাশাপাশি এখন Live MCQ™ অ্যাপে রয়েছে ক্লাস, স্টাডি ম্যাটেরিয়ালস্, পড়াশোনা সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার, অথেনটিক রেফারেন্স থেকে ব্যাখ্যাসহ সবচেয়ে বড় প্রশ্ন ব্যাংক, সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ইত্যাদি — যা আপনার প্রস্তুতিকে করবে পরিপূর্ণ।

**Live MCQ™ -এর সুবিধা ও বৈশিষ্ট্যসমূহ:**

**১. প্রতিযোগিতামূলক Live পরীক্ষা:** বাংলাদেশের প্রায় সকল চাকরির প্রিলিমিনারি পরীক্ষা প্রতিযোগিতামূলক। শুধু একটি নির্দিষ্ট মার্কস পেলেই পাস নয়, বরং কাট মার্ক অর্জন করতে হয়। এই কাট মার্ক অর্জনে পরীক্ষাভেদে প্রথম ৫ % থেকে ১০%-এর মধ্যে থাকতে হবে। আর সেজন্য মূল পরীক্ষার আগে প্রতিযোগিতামূলক লাইভ পরীক্ষার বিকল্প নেই। Live MCQ™ আপনাকে হাজারো প্রকৃত প্রতিযোগীর সাথে পরীক্ষা দিয়ে নিজের প্রস্তুতি যাচাই করার সেই সুযোগ করে দিয়েছে।

**২. ভিডিয়ো ক্লাস ও তথ্যবহুল স্টাডি ম্যাটেরিয়ালস্:** Live MCQ™-তে বর্তমানে বিসিএস, প্রাইমারি, NTRCA সহ সকল ধরনের চাকরির প্রস্তুতির জন্য বর্তমানে ১২০০-এর বেশি Video Class ও ২০০০-এর বেশি PDF রয়েছে, যার সংখ্যা প্রতিনিয়তই বৃদ্ধি পাচ্ছে।

**৩. নির্ভুল ব্যাখ্যাসহ বিশাল প্রশ্ন ব্যাংক:** আর্কাইভ বাটনগুলোতে Live MCQ™-এর আগের সকল পরীক্ষার প্রায় ৫.২ লাখ+ Exclusive MCQ এবং রেফারেন্সযুক্ত ব্যাখ্যাসহ প্রশ্ন ব্যাংক রয়েছে।

**৪. স্টাডি সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার:** Live MCQ™-এ স্মার্ট সার্চ, টপিক গুরু, টপিকভিত্তিক জব সল্যুশন, ফ্যাকাল্টিভিত্তিক জব সল্যুশন, কুইজ মাস্টার, ডাইনামিক প্যানেল, Audio Player, Multiplayer কুইজ গেইমসহ রয়েছে অসংখ্য প্রিমিয়াম ফিচার।

**৫. সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ও ক্যারিয়ার কনসালটেন্সি।**

এরই ধারাবাহিকতায় বর্তমানে যুক্ত হয়েছে Live Publications™-এর বই। চাকরিপ্রার্থীদের প্রস্তুতির জন্য সকল সেবা নিশ্চিত করতে আমাদের প্রায় ১৫০ জন টিম মেম্বার যৌথভাবে কাজ করে যাচ্ছে।

**Live MCQ™ -এর প্রস্তুতি প্রোগ্রামসমূহ:**

- বিসিএস (জেনারেল ও স্পেশাল)
- ব্যাংক নিয়োগ
- প্রাথমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক নিবন্ধন (NTRCA)
- ৯ম - ১৩তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- ১৪তম - ২০তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- বার কাউন্সিল প্রস্তুতি
- বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস ইত্যাদি

ঘরে বসেই দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির প্ল্যাটফর্মে হাজারো পরীক্ষার্থীর সাথে বিসিএস, ব্যাংক, প্রাথমিক শিক্ষক নিয়োগ, NTRCA-সহ সকল নিয়োগ পরীক্ষার প্রস্তুতি নিতে Live MCQ™ অ্যাপ ইনস্টল করুন।

Google Play App Store Windows